R N. No. 2532/57

Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টাটার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৭শ বর্ষ
১৩শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৮শে শ্রাবণ বুধবার, ১৩৮৭ সাল
১৩ই আগষ্ট, ১৯৮০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## দুটি ধর্ষণের ঘটনায় গ্রামে সোরগোল পুলিশ নির্বিকার

বিশেষ সংবাদদাতা : রঘুনাথগঞ্জ সাগরদীঘি থানা এলাকার দুটি গ্রামে সাম্প্রতিককালের দুটি ধর্ষণের ঘটনায় সংশ্লিষ্ট এলাকায় সোরগোলের সৃষ্টি হয়েছে। সাগরদীঘি পুলিশ ধর্ষণের ঘটনাটিকে ধামাচাপা দিতে চেষ্টা চালাচ্ছে। পুলিশ তদন্তে চূড়ান্ত গাফিলতি দেখিয়ে অভিযুক্ত ব্যক্তিকে মুক্ত করতে তারা তৎপর বলে অভিযোগ উঠেছে। ধর্ষণের প্রথম ঘটনাটি ঘটেছে রঘুনাথগঞ্জ থানার দফরপুর গ্রামে। ঐ গ্রামের তিনজন দুর্ধর্ষ ব্যক্তি দিনের বেলায় এক বিয়ের আসর থেকে (মুসলিম বিয়ের বেওয়াজ দিনে) সশস্ত্র অবস্থায় এক যুবতীকে বলপূর্বক তুলে নিয়ে গিয়ে একের পর এক ধর্ষণ করে। বহু লোক এবং মেয়েটির বৃদ্ধ বাবা চোখের জলে এই কলংকজনক ঘটনা দূর থেকে প্রত্যক্ষ করেন। অস্ত্রশস্ত্রের ভয়ে তাঁরা দুর্বৃত্তদের প্রতিরোধে এগিয়ে যেতে সাহস পাননি। এর পর থেকেই দফরপুর গ্রামে সোরগোল শুরু হয়। গ্রাম্য বিচার বসে। কিন্তু মাঝপথে তা পরিত্যক্ত করে দেয় ঐ দুর্ধর্ষ ব্যক্তিত্রয়। ভয়ে প্রথমে কেউ মুখ খুলতে চায়নি। পরে কতিপয় যুবকের নেতৃত্বে গ্রামবাসীরা জোটবদ্ধ হয়ে ঐ তিনজনকে আক্রমণ করে এবং উত্তম মধ্যম প্রহার দেয়। গ্রামবাসী সূত্রে জানা গেছে, ঐ দুর্ধর্ষ ব্যক্তিরা নাকি এস ইউ সি আই দলের স্থানীয় শাখার সমর্থক। লোকলজ্জার ভয়ে ঘটনাটি পুলিশের কাছে পৌঁছায়নি।

সাগরদীঘির ঘটনাটি ঘটে বলরামবাটী গ্রামে জুলাই মাসের শেষ সপ্তাহে। জনৈক যুবক জোরপূর্বক এক যুবতী বধূর

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ধুলিয়ান সমাজবিরোধীর আড্ডাখানা

ধুলিয়ান, ১৩ আগষ্ট—বেশ কিছুদিন ধরে ধুলিয়ান শহর, ডাকবাংলা মোড়, চাঁদপুর হাট, কাঁকুড়িয়া, বাসুদেবপুর হাট প্রভৃতি স্থানে প্রকাশ্যে ও ঢালাওভাবে জুয়াখেলা চোলাই মদ পাচার ও নানা রকম অসামাজিক কার্যকলাপ বেড়ে গিয়েছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। ফলে উপরোক্ত স্থানগুলি সমাজ-বিরোধীদের আখড়ায় পরিণত হয়েছে। স্থানীয় জনসাধারণের অভিযোগ, সামসেরগঞ্জ পুলিশ সবকিছু জেনেও নীরব আছে। উপরোক্ত জায়গাগুলিতে প্রায়ই সাদা পোশাকের পুলিশকে ঘোরাঘুরি করতে দেখা যায় এবং তাদের সঙ্গে মাসো-হারার পাকা বন্দোবস্ত আছে বলে শোনা যায়, জনগণের স্বার্থে অবিলম্বে চোলাই মদের ঘাঁটিসহ সমাজবিরোধীদের আখড়াগুলি ভেঙে ফেলা দরকার।

## লবণচোয়া ব্রাঞ্চ পোষ্টমাষ্টারের নেমকহারামি

রঘুনাথগঞ্জ, ১৩ আগষ্ট—লবণচোয়া ব্রাঞ্চ পোষ্টাপিসের পোষ্টমাষ্টার অবনীকান্ত দাসকে প্রায় কুড়ি হাজার টাকা আত্মসাতের অভিযোগে সাসপেণ্ড করা হয়েছে। তাঁর বিরুদ্ধে অভিযোগ, তিনি বিনা রসিদে গ্রামের আমানতকারী-দের কিছু পাসবই জমা নেন বাৎসরিক সুদ কষার নাম করে। এবং ডাকঘর এ্যাকাউন্টে জমা না করে নিজেই টাকা লেনদেন করতে থাকেন। এভাবে তিনি প্রায় কুড়ি হাজার টাকা আত্মসাৎ করেন। খবর পেয়ে সি আই পোষ্টাপিস অম্বুজাক্ষ মুখারজি ৪ আগষ্ট হঠাৎ গিয়ে হাজির হন ডাকঘরে। তিনি তল্লাসি চালিয়ে প্রায় সমস্ত পাসবই উদ্ধার করেন এবং পরীক্ষা করে দেখেন পোষ্টমাষ্টার নেমকহারামি করে প্রায় কুড়ি হাজার টাকা আত্মসাৎ করেছেন। সঙ্গে সঙ্গে তাঁকে সাসপেণ্ড এবং সাময়িকভাবে ডাকঘর অন্যত্র স্থানান্তরিত করা হয়। ওই দিনই প্রায় বারো হাজার টাকা পোষ্টমাষ্টারের কাছ থেকে উদ্ধার করা হয়। গ্রামবাসীরা অভিযোগ করেন, পোষ্টমাষ্টার

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সেতু, নতুন রেলপথ

জঙ্গিপুর, ১৩ আগষ্ট—তিনজন এম এল এ-সহ কংগ্রেস (ই) এর একটি প্রতি-নিধি দল কেন্দ্রীয় শক্তিমন্ত্রী এ বি এ গনি খান চৌধুরীর নেতৃত্বে রেলমন্ত্রীর সঙ্গে দেখা করে ভাগীরথীর ওপর রঘুনাথগঞ্জ—জঙ্গিপুর সংযোগ সেতু এবং মুরারই থেকে লালগোলা পর্যন্ত একটি নতুন রেলপথ স্থাপনের দাবি জানালে রেলমন্ত্রী তাঁদের আশ্বাস দেন বলে রঘুনাথগঞ্জ ২নং ব্লক কংগ্রেস (ই) কমিটির সাধারণ সম্পাদক আবদুর রউফ সেখ জানিয়েছেন। ভাগীরথীর

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বন্যার আশঙ্কা কাটেনি

জঙ্গিপুর, ১৩ আগষ্ট—রঘুনাথগঞ্জ ২নং ব্লকে বন্যার আশঙ্কা এখনও কাটেনি। এক সাক্ষাৎকারে এ খবর দিয়ে বিডিও জানিয়েছেন, ব্লকের বড়শিমূল-দয়ারাম-পুর, গিরিয়া, মিঠিপুর, সেখালিপুর ও লক্ষীজোলা গ্রাম পঞ্চায়েতের নিম্ন এলাকা ভাগীরথী ও পদ্মার জল-স্ফীতিতে প্লাবিত হওয়ার আশঙ্কা আছে। ইতিমধ্যে এই ব্লকের ৪৫০ একর জমি জলপ্লাবিত হওয়ায় প্রচুর

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## রোগের আতঙ্ক

নিজস্ব সংবাদদাতা, ১৩ আগষ্ট—সাগর-দীঘি থানার ফুলসহরী গ্রামে পক্ষকাল ধরে গ্যাসট্রোএনট্রাইটিস রোগের প্রকোপে বহু গ্রামবাসী আক্রান্ত হয়েছেন। মহকুমা স্বাস্থ্য দপ্তর থেকে জানানো হয়েছে, আক্রান্ত ১৯ জনের মধ্যে তিনজন এ পর্যন্ত মারা গেছেন। পর্যাপ্ত বৃষ্টির অভাব এ রোগের কারণ বলে অনুমান করা হচ্ছে। প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ করা হলেও গ্রামবাসীরা এখনও রীতিমত আতঙ্কিত বলে সাগরদীঘি জনস্বাস্থ্য স্থায়ী সমিতির

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## স্বাস্থ্যকেন্দ্রে শয্যা সঙ্কট

ধুলিয়ান, ১৩ আগষ্ট—অনুপনগর উপ-স্বাস্থ্যকেন্দ্রে একজন বিশেষজ্ঞ চিকিৎসক দেওয়া হয়েছে। এর ফলে জনসাধারণ বিশেষভাবে উপকৃত হয়েছেন তাতে সন্দেহ নেই। এই হাসপাতালে এখনও কিছু অপূর্ণতা রয়ে গেছে। যেমন ওষুধপত্র, খাট, বিছানা, চাদর প্রয়ো-জনের তুলনায় অনেক কম। মেটার-নিটি ওয়ারডে প্রতিদিনই অসংখ্য রোগী থাকে। এক এক সময়ে মাটিতেও পা ফেলার জায়গা থাকে না।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## হাসপাতালে নোংরামি

সাগরদীঘি, ১৩ আগষ্ট—জেলার অন্য একটি হাসপাতালের একজন সরকারী কর্মচারী সাগরদীঘি প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্রে কর্তব্যরতা তাঁর স্ত্রীর কোয়ার-টারে এসে মদ্যপান, জুয়াখেলা প্রভৃতি অসামাজিক কাজ অবাধে চালাচ্ছেন বলে অভিযোগ করা হয়েছে। এভাবে তিনি স্থানীয় যুবকদের বিপথে চালিত করছেন বলেও অভিযোগ। হাসপাতাল চত্বরে এ ধরনের নোংরামির ফলে হাস-পাতালের অন্যান্য কর্মী এবং প্রতিবেশী

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

প্রফেসনাল ট্যাক্সের ফরম পণ্ডিত ষ্টেশনারসে পাওয়া যাচ্ছে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৮শে শ্রাবণ বুধবার, সন ১৩৮৭ সাল।

## খোদা আউর্ জোলা

এক প্রচলিত প্রবাদ আছে, 'খোদায় দেন ত জোলায় দেয় না'। বস্তুতঃ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনের ব্যাপারে ইহা খুবই প্রযোজ্য বলিয়া মনে হয়। তবে এক্ষেত্রে 'খোদা' রেলকর্তৃপক্ষের (উচ্চ পর্যায়) মনোভাব এবং 'জোলা' তৎসংশ্লিষ্ট কর্মোদ্যোগ।

বিষয়টি আলোচনা করিলে দেখা যাইবে যে, কয়েক বৎসর পূর্বে বেশ ঘটাপটা করিয়া জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে রেলদপ্তরের উচ্চপদাসীন কর্মী আসিয়াছিলেন সরেজমিনে তদন্ত করিতে। উদ্দেশ্য—এখানে ওভারব্রীজ নির্মাণের ব্যাপার খতাইয়া দেখা। সব কিছু দেখাশুনা ঠিকঠাক হইয়া গেল। প্রতিশ্রুতি মিলিল—খুব শীঘ্রই এই ওভারব্রীজ নির্মাণ করা হইবে।

অবশ্য জঙ্গিপুর রোড রেলষ্টেশনে উক্ত ওভারব্রীজ নির্মাণের 'ক্রাইং নীড্' এর কথা আমাদের পত্রিকায় অনেক পূর্বেই প্রকাশ করিয়াছিলাম। আমরা বলিয়াছিলাম, এই ষ্টেশন এখন যথেষ্ট গুরুত্বপূর্ণ হইয়াছে। প্রত্যেক দূরপাল্লার গাড়ী এখানে থামে এবং যাত্রী সংখ্যাও যথেষ্ট। এক প্লাটফরম হইতে অপর প্লাটফরম যাইতে যাত্রীসাধারণকে—কি শিশু, কি নারী, কি যুবা, কি বৃদ্ধ বা বৃদ্ধা—সকলকেই শারীরিক কৌশল অবলম্বনপূর্বক এক প্লাটফরম হইতে অধোলম্ফন প্রদান করিয়া রেললাইন পার হইয়া অপর প্লাটফরমে উল্লম্ফন দিয়া উঠিতে হয়। আর না হয়, ষ্টেশনে অপেক্ষমাণ গাড়ী ধরিতে অনেক ঘুরিয়া লাইন পার হইতে হয়। তাহার ফলে বাষ্পীশকটের নিকট যাইবার পূর্বে কখনও বা উহা ছাড়িয়া যায়। অসুস্থ ব্যক্তি, শিশু-নারী, বৃদ্ধ-বৃদ্ধার পক্ষে কোন কৌশলই সম্ভব হয় না। সহযাত্রী যুবক বা প্রৌঢ়দের কপালে নাকালের অন্ত থাকে না।

তাই ওভারব্রীজ নির্মিত হইবে এবং অচিরেই—এইরূপ প্রতিশ্রুতি যখন কয়েক বৎসর পূর্বে মিলিয়াছিল, তখন রেল কোম্পানীর প্রতি গদগদচিত্ত হইয়া সকলেই রেল বাজেটে রেলভাড়া বৃদ্ধিতেও পুলকিত না হইয়া পারেন নাই।

কেন্দ্রীয় সরকারে মন্ত্রীত্ব বদল হইল, ক্ষমতার দলবদল হইল। সেই প্রতিশ্রুতি সম্ভবতঃ ফাইল চাপা রহিয়াছে, যাহার উদ্ধার, আমাদের কেন্দ্রের আপনজন বলিতে এই মহকুমা ও জেলার নির্বাচিত এম-পি-বৃন্দ, অবশ্যই করিতে পারিবেন। তাই এই রেলষ্টেশনের সর্বশ্রেণীর যাত্রী একটি অতি সঙ্গত আশাপূরণের জন্য তীর্থের কাক হইয়া তাঁহাদেরই পানে চাহিয়া আছেন।

## ঈদ মুবারক

নুরুল হক

সেই কবে আদিম সমাজ থেকে মানুষ বেছে নেয় বছরের এক বা একাধিক সময়ে সাড়ম্বরপূর্ণ অনুষ্ঠান ও আনুষ্ঠানিক ক্রিয়া। তারপর মানুষ যখন ধর্ম বা মতবাদে বিভক্ত হয়ে গেল তখন তাদের মধ্যে আনন্দোৎসবের ধারা-প্রকৃতি, লক্ষ্য-উদ্দেশ্য ও ভিন্ন হয়ে যায়। এমনি একটি আনন্দোৎসবের বিশেষ ধারা—একটি বিশেষ সমাজের—ঈদ, ঈদুল-ফিতর ; মুসলিমদের রহমতের মাস রমজান-এর এক মাসের কঠোর কৃচ্ছ্র মানব সাধনায় রোজার পথ বেয়ে। ঈদ মুসলমান সমাজের অন্যতম জাতীয় উৎসব—বছরের শ্রেষ্ঠ আনন্দোৎসব—মহানন্দ ; যে আনন্দ-সমস্ত বিশ্ব ভ্রাতৃত্ববোধকে জাগিয়ে তুলতে চায় ; একমাস উপবাসে উপবাসী থেকে সংযমের ধারা বহে। 'ঈদ' শব্দটি আরবী, আউদ ধাতু থেকে নির্গত, যার অর্থ হল বার বার ফিরে আসা ; ফিরে আসা-সেবা, প্রেম ও ত্যাগের মহতী ব্রতী নিয়ে নির্দিষ্ট সময়ান্তে। ঈদের সঙ্গে ফিতর শব্দটি যোগ হয়, ফিতর শব্দটির অর্থ হল খুলে যাওয়া—মুক্ত হওয়া। ঈদল-ফিতর সেই বিশেষ দিনটির নাম যেদিন রমজানের বিশেষ এবাদৎ সমূহের বাধকতার দরজা খুলে যায়। রোজায় উপবাসী সংযম নিয়ে ভালবাসার বল বুকে করে ঈদের নামাজের খুশিতে অবগাহন করে মানব জমিনে পা রেখে এগিয়ে চল—ঈদের তাৎপর্য অনেকাংশে এখানেই নিহিত।

কবি নজরুলের ভাষায়—

'ও-মন রমজানের ঐ রোজার শেষে<br>
এল খুশীর ঈদ।<br>
তুই আপনাকে আজ বিলিয়ে দে<br>
শোন আসমানী তাগিদ।'

এত খুশী এত আনন্দ এত মিলেমিশে একাকার হয়ে যাওয়ার মাঝেও ঈদের খুশীর বাঁকা চাঁদ ক্ষণেকের তরেও বাঁকা বিস্ময়ের সুরে বিস্ময় রেখে কয়ে যায়-কবির কণ্ঠে কণ্ঠ মিলিয়ে—

'জীবনে যাদের হররোজ রোজা, ক্ষুধায়<br>
আসেনি নিদ,<br>
আধমরা সেই কৃষকের ঘরে এসেছে কি<br>
আজ ঈদ ?'

ইসলামের বাস্তব কল্যাণমুখী আনন্দ-ধারায় বরিষণে হর-বছর ঈদ আসে, এসেছে ; আসবেও অনাদিকাল। তাই অনন্তকালের কবির ভাষায় আমরা—

'পথে পথে আজ হাঁকিব, বন্ধু<br>
ঈদ মোবারক! আস-সালাম!<br>
ঠোঁটে ঠোঁটে আজ বিলাব শিরণী<br>
ফুল কালাম<br>
বিলিয়ে দেওয়ার আজিকে ঈদ।

## কুশাঙ্কুরের কালি-কলম

### ঈদের প্রার্থনা

আজ ঈদ, পবিত্র ঈদ। শুভ্র শুচিতায় আর কল্যাণের উজ্জ্বল দীপ্তিতে এই পবিত্র উৎসবটি সমুদ্ভাসিত। রমজান মাসের দীর্ঘ উপবাস আর রোজা শেষে আসে শওয়াল মাস। বয়ে নিয়ে আসে উৎসবের রোশনাই। শুরু হয় ঈদ-উল-ফিতরের শুভ উৎসব। মুসলমান জাহানের কাছে এ যে বড় পবিত্র দিন, বহু আকাঙ্খিত, বহু প্রত্যাশিত দিন। দিকে দিকে তার খুশির খুশবই, রঙের রোশনাই। 'ঈদ' তো আনন্দের উৎসব। আনন্দই তার অর্থগত ব্যঞ্জনা। অর্থে ও ব্যঞ্জনায় তাইতো সমুজ্জ্বল এই ঈদোৎসব প্রাণে প্রাণে বইছে তারই আনন্দের জোয়ার। আনন্দই তো উৎসবের প্রাণ। উৎসবেই তো ঘটে প্রাণের সাথে প্রাণের সম্মিলন, হৃদয়ের সাথে হৃদয়ের সেতু-বন্ধন। সে সম্মেলন প্রীতি ও প্রেমের, সে বন্ধন আন্তর সম্পর্কের। ফি-বছরই আসে এই দিনটি মিলন, মৈত্রী ও প্রেমের বার্তা বহন করে। 'ঈদ' শব্দ তারই অর্থময় ব্যঞ্জনার অভিব্যক্তি। 'যা ফিরে ফিরে আসে'—তার নামই তো ঈদ। নিয়ে আসে অগণিত মুসলমান নরনারীর হৃদয়ে মিলন-মৈত্রী-ভ্রাতৃত্বের বাণী। হৃদয়ের উদার প্রশস্ত ভূমিতে তার আগমন, তার অভিষেক, তার উৎসার। এ উৎসবে নাই ছোট-বড়র ভেদ, নাই ধনী দারিদ্রের ব্যবধান ; নাই উচ্চ নীচের ফারাক। পারস্পরিক আলিঙ্গন আর প্রীতিরসের হার্দ্যতায় ভরে উঠে হৃদয়ের আঙিনা—উচ্ছ্বসিত হয় মুবারক জ্ঞাপনে ও বিনিময়ে। যা কিছু উপহার বা দান দিয়ে দুঃখীজনের মনে আনন্দ জাগানো, মুখে হাসি ফোটানো—এই 'ফিতার' উৎসবের এক বিশিষ্ট অঙ্গ। সবার পরশে পবিত্র করা উৎসব—এই ঈদোৎসব। বছর বছর এমনি দিনে নেমে আসে মুসলমান নরনারীদের উপর খোদাতালার পরম আশীর্বাদ। নেমে আসে মানব মহিমা আর মানব প্রেমের বাণী।

কল্যাণী ইচ্ছা, আর সৌভ্রাত্র হলো উৎসবের বড় অঙ্গ। পবিত্র ঈদোৎসবে এই হোক আমাদের সকলের প্রার্থনা।

## খেলার খবর

৪-৫ আগষ্ট লালবাগ নবাব-বাহাদুর স্কুলে এন পি এফ পির ওপর বিভিন্ন জেলার ভারপ্রাপ্ত অফিসারদের নিয়ে এক সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে মিরজাপুর নবভারত স্পোর্টিং ক্লাবের সদস্যদের ডেমনেষ্ট্রেসনের জন্য আমন্ত্রণ জানানো হয়। শারীরিক দক্ষতার প্রদর্শনীতে অংশগ্রহণ করে ওই ক্লাবের ঝরনা দাস, প্রণতি সাহা, সুষমা শোশা, বনানী দাস, তপন দাস, ওলিউল ইসলাম, আসাদুল্লা ও দেব ভট্টাচার্য। নবভারত স্পোরটিং ক্লাবের স্থায়ী এন পি এফ পি জেলা কেন্দ্রের কার্যের ধারাবিবরণীতে সন্তোষ প্রকাশ করে সরকারী সাহায্যের প্রতিশ্রুতি দেওয়া হয় যাতে ওই ক্লাব আরো বেশী ছেলেমেয়ে রাজ্য তথা জাতীয় প্রতিযোগিতায় পাঠাতে পারে।

### রেফারি এ্যাসোসিয়শন

সুবোধ দাসকে সভাপতি এবং সুশান্ত দাস ও করুণাময় দাসকে যুগ্ম-সম্পাদক করে জঙ্গিপুর মহকুমা রেফারি ও আম্পায়ার এ্যাসোসিয়েশন গঠন করা হয়েছে।

### গঙ্গায় সাঁতার প্রতিযোগিতা

নিমতিতা রুদ্র সংঘের উদ্যোগে ২৮ সেপটেম্বর ফরক্কর এল সি টি ঘাট থেকে অরঙ্গাবাদ বালিকা বিদ্যালয় ঘাট পর্যন্ত গঙ্গাবক্ষে ৩১ কিলোমিটার সন্তরণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। যোগদানের জন্য ২৫ আগষ্টের মধ্যে ১৫ টাকা প্রবেশ মূল্য দিয়ে সম্পাদক—রুদ্র সংঘ, পোঃ নিমতিতা (মুর্শিদাবাদ) ঠিকানায় যোগাযোগ করতে হবে বলে জানানো হয়েছে।

## হত্যা সন্দেহে মৃতদেহ কবর থেকে তোলা হল

নিজস্ব সংবাদদাতাঃ সম্প্রতি সাগরদীঘি ও রঘুনাথগঞ্জ থানার দুটি গ্রাম থেকে দু'জন বিবাহিতা মহিলার মৃতদেহ কবর থেকে তুলে ময়না তদন্তের জন্য মর.গ পাঠানো হয়। সাগরদীঘি থানার জিনদীঘি গ্রামে রূপসেনা খাতুনের মৃতদেহ কবর দেওয়া হয় ৩১ জুলাই। তাঁর ভাই থানায় অভিযোগ করেন, রূপসেনাকে তার আগের দিন হত্যা করে গলায় দড়ি দিয়ে ঝুলিয়ে রাখা হয় যাতে গ্রামের সবাই মনে করেন রূপসেনা আত্মহত্যা করেছে। এই অভিযোগের ভিত্তিতে জঙ্গিপুরের এক্জিকিউটিভ ম্যাজিসট্রেট কমলকুমার পাল ৫ আগষ্ট কবর থেকে রূপসেনার মৃতদেহ তুলে ময়না তদন্তের জন্য পাঠান। কমলবাবু ২৩ জুলাই রঘুনাথগঞ্জ থানার রণজিৎপুর গ্রামের আর একজন বিবাহিতা মহিলার মৃতদেহ কবর থেকে তুলে ময়না তদন্তের জন্য পাঠান। মহিলার নাম কালুম বিবি। সাতমাসের গর্ভবতী। বোমার আঘাতে ২২ জুলাই তাঁর মৃত্যু ঘটলে তাঁকে সমাহিত করা হয়। রঘুনাথগঞ্জ ২নং ব্লক কংগ্রেস (ই) কমিটির সাধারণ সম্পাদক অভিযোগ করেন, রঘুনাথগঞ্জ থানার ভারপ্রাপ্ত পুলিশ অফিসারের সামনেই নাকি কালুম বিবিকে দু'জন কমরেডের সহায়তায় কবর দেওয়া হয়।

### থানায় ডেপুটেশন

সাগরদীঘি, ১০ আগষ্ট—কং (ই) কর্মীদের ওপর পুলিশী নির্যাতনের প্রতিবাদে গত রবিবার পারটির পক্ষ থেকে সাগরদীঘি থানা ঘেরাও করে ডেপুটেশন দেওয়া হয়েছে বলে জানানো হয়েছে। সম্প্রতি সাগরদীঘি গার্লস হাই স্কুলের পরিচালকমণ্ডলীর নির্বাচনকে কেন্দ্র করে হরহরি গ্রামে বোমা বিস্ফোরণের ঘটনার পর কং (ই) সমর্থকদের বাড়ী বাড়ী গিয়ে পুলিশ নির্যাতন চালাচ্ছে বলে কং (ই) নেতা আবদুস সাত্তার অভিযোগ করেছেন।

বহিষ্কারঃ দলবিরোধী কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগে মহঃ খলিলুল্লাকে কং (ই) দল থেকে বহিষ্কার করা হয়েছে বলে জানানো হয়েছে। আদালতে সদস্যপদ বাতিলের পর তাঁর বিরুদ্ধে ওই ব্যবস্থা নেওয়া হয় বলে খবর।

## ধান কাটা নিয়ে

রঘুনাথগঞ্জ, ১২ আগষ্ট—গতকাল এবং পরশু ধান কাটা নিয়ে এই থানার বড়শিমূল-দয়ারামপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় কং (ই) ও সি পি এম সমর্থকদের মধ্যে দুটি সংঘর্ষের ঘটনায় বোমা এবং তীরের আঘাতে সি পি এম এর ৮ জন এবং কং (ই) এর ৪ জন জখম হয়েছে। একজনের অবস্থা আশঙ্কাজনক। জনতাকে ছত্রভঙ্গ করতে পুলিশকে ১৮ রাউণ্ড গুলি চালাতে হয়েছে। গুলিতে হতাহতের কোন খবর নাই। ২৮ জুলাই একটি লুঠতরাজের ঘটনায় কং (ই) এর হাতে আহত সি পি এম এর সামসুদ্দিন সেখ গতকাল হাসপাতালে মারা গিয়েছেন। বিস্তারিত সংবাদ আগামী সংখ্যায়।

## আবার ডাকাতি

জঙ্গিপুর, ৭ আগষ্ট—গতকাল রাত্রে রঘুনাথগঞ্জ থানার জোতকমল গ্রামের বিফল হাজরার বাড়ীতে ডাকাতি হয়েছে। ডাকাতরা গৃহস্বামীকে প্রচণ্ড প্রহার করে বাসনপত্র, গয়নাগাটি ও নগদ টাকা নিয়ে পালিয়ে যায়। বাধা দিতে গিয়ে গৃহস্বামীর ছেলে শান্তনু হাজরা ডাকাতদলের হাতে গুরুতরভাবে আহত হয়। তাকে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রঘুনাথগঞ্জ থানার কাঁকুড়িয়া গ্রামে আষাঢ়ো সেখের বাড়ীতে আর একটি ডাকাতির ঘটনায় অস্ত্র ও বোমার আঘাতে গৃহস্বামীসহ পাঁচজন জখম হয়েছেন। গ্রামবাসীদের বাধাদানের ফলে ডাকাতরা সেরকম কিছু নিতে পারেনি।

### দুই ইউনিয়নে সংঘর্ষ

জঙ্গিপুর, ৮ আগষ্ট—আর এস পি নিয়ন্ত্রিত রিকসা প্যাডলারস ইউনিয়ন ও এস ইউ সি নিয়ন্ত্রিত ঘোড়াগাড়ি চালক সমিতির মধ্যে জঙ্গিপুর বাসষ্ট্যাণ্ডে গতকাল বিকেলে সংঘর্ষ ঘটে। একে অপরের চলাচল বন্ধ করার চেষ্টা নিয়ে উভয় সমিতির মধ্যে কাজিয়া ও অসন্তোষ দীর্ঘদিনের। রিকসা প্যাডলাররা দাবি জানায়, জঙ্গিপুর শহরে ঘোড়াগাড়ি প্রবেশ করতে দেওয়া হবে না। তারই পরিণতিতে গত কালের এই সংঘর্ষ ঘটে বলে জানা যায়।


সবার প্রিয় চা—

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬



# বর্গাদার ও পাট্টাদারদের প্রতি একটি আবেদন

আপনি কি ব্যাংক থেকে টাকা ধার নিয়েছেন?
তা হলে আজই তা শোধ করে দিন। শোধ করলে নতুন করে ধার পাবেন।
শোধ না করলে আর টাকা পাবেন না।
ব্যাংকের ধার না পেলে আপনারা আবার সেই রক্তচোষা জোতদার ও মহাজনদের খপ্পরে পড়বেন।
সেটা কি আপনারা চান?

**পশ্চিমবঙ্গ সরকার**

তথ্য ও সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ।


### শিক্ষক আবশ্যক

জামুয়ার জুনিয়র হাই স্কুলের অনুমোদিত দুই শ্রেণীর বিদ্যালয়ে স্থায়ী পদের জন্য একজন প্রধান শিক্ষক ও একজন বিজ্ঞান সহ-শিক্ষক চাইছেন।

১। শিক্ষকতায় পাঁচ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন একজন শিক্ষণ-প্রাপ্ত আর্টস গ্রাজুয়েট প্রধান শিক্ষক চাই। ২। একজন শিক্ষণপ্রাপ্ত বিজ্ঞান গ্রাজুয়েট সহ-শিক্ষক চাই। এই পদের জন্য কেবলমাত্র তপশীল জাতির প্রার্থীই আবেদন করিতে পারিবেন। Pay scale as per G. A. Rules অনুযায়ী দেওয়া হইবে। বিজ্ঞপ্তির ৭ দিনের মধ্যে আবেদন করুন। সম্পাদক, জামুয়ার জুনিয়র হাই স্কুল, পোঃ সেনডা-জামুয়ার, জেলা মুর্শিদাবাদ।


বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস

**মেশার বাস সারভিস**

ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজারভ দেওয়া হয় )



**ডেণ্টাল হল**

পোঃ সাগরদীঘি ( মুর্শিদাবাদ )
ডাঃ ডি, কে, প্রামাণিক
( ডেণ্টাল সার্জেন )
এখানে দাঁত তোলা ও বাঁধান হয়।


## শনির দৃষ্টি এক যুগ

ধুলিয়ান, ১৩ আগষ্ট—ধুলিয়ান পুরসভার বারটি ওয়ারডে ছয় লক্ষ টাকার উন্নয়নমূলক কাজ হয়েছে বলে দাবি করা হয়েছে। কিন্তু তিন নম্বর ওয়ারডে এক যুগ ধরে উন্নয়নমূলক কাজ হয়নি বলে সংশ্লিষ্ট ওয়ারডের কমিশনার জানিয়েছেন। ওই ওয়ারডে হাজারের বেশী লোক বসবাস করা সত্ত্বেও, পুরপতির সঙ্গে তাঁর ব্যক্তিগত বিবাদ থাকায়, ওয়ারডের ওপর পুরসভার নেক নজর পড়েনি বলেও তিনি জানিয়েছেন।


দ্রুত আরোগ্যকারী
চর্ম্মরোগের মহৌষধ

**চন্দ্র-মালতী (R)**

( ম্যানুফ্যাকচারিং লাইসেন্স নং
এ, এল ৩৯৪-এম )

নিবেদনে—জুপলুনা ইণ্ডাষ্ট্রীজ
পোঃ রঘুনাথগঞ্জ, জিলা মুর্শিদাবাদ
পিন—৭৪২২২৫


### শিক্ষিকা আবশ্যক

জঙ্গিপুর গার্লস জুনিয়র হাই স্কুলের জন্য লিভ ভেকান্সিতে একজন তপশীলভুক্ত জাতি বি এস-সি ( পিওর ) শিক্ষিকা আবশ্যক। প্রার্থীকে ২০-৮-৮০ তারিখে বেলা দশটার সময় মার্কসিট ও পাস সার্টিফিকেটসহ স্কুলগৃহে Interview Board এ উপস্থিত হইতে অনুরোধ করা যাইতেছে।

সম্পাদক
জঙ্গিপুর গার্লস জুনিয়র হাই স্কুল
পোঃ জঙ্গিপুর, জেলা মুর্শিদাবাদ

## পুলিশ নির্বিকার

( ১ম পৃষ্ঠার পর )

শ্লীলতাহানি করে। ঘটনার কথা সাগরদীঘি থানায় জানানো হয়। পুলিশ কোন ব্যবস্থা নেয়নি। ঘটনা ধামাচাপা দিতে ঘটনার সাতদিন পর ধর্ষিতা মেয়েটির মেডিক্যাল করা হয়েছে। মেয়েটিকে এখন চাপ দেওয়া হচ্ছে কারো কাছে মুখ না খুলতে। আমাদের প্রতিনিধির কাছেও মেয়েটি মুখ ফুটে এই লজ্জাজনক ঘটনার বর্ণনা দিতে পারেনি। গ্রামবাসী সূত্রে জানা গেছে সংশ্লিষ্ট অঞ্চলের এক পঞ্চায়েত প্রধান ধর্ষণকারী ব্যক্তির পক্ষে পুলিশের কাছে তদ্বির করছেন। ঐ ব্যক্তিটির বিরুদ্ধে এর আগেও অনুরূপ অভিযোগ উঠে ছল। গ্রাম্য বিচারে জুতো ও লাথির পর তার মীমাংসা ঘটে।

এই দুই ধর্ষণের ঘটনায় গ্রামে জোর সোরগোল চলেছে। পুলিশ তবু নির্বিকার রয়েছে। মহিলারা অভিযোগ করেছেন, গ্রামে চলাফেরায় তাঁদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।

## রোগের আতঙ্ক

( ১ম পৃষ্ঠার পর )

কর্মাধ্যক্ষ জানিয়েছেন। মহকুমা স্বাস্থ্য দপ্তর সূত্রের আর একটি খবরে জানানো হয়েছে, মহকুমার সাতটি ব্লকের মধ্যে পাঁচটিতেই ম্যালেরিয়ার প্রাদুর্ভাব ঘটেছে। এর মধ্যে রঘুনাথগঞ্জ শহরের বালিঘাটা, ফাঁসিতলা ও দরবেশপাড়া পল্লী, ম্যাকেনজি ও নীলরতন কলোনী এবং দেউলি এলাকায় এই রোগের প্রকোপ সব থেকে বেশী। গত সপ্তাহ পর্যন্ত রঘুনাথগঞ্জ ১ ও ২নং ব্লকে ১০২ ও ৩৫ জন, সাগরদীঘিতে ৮ জন, সুতি ১ ও ২নং ব্লকে ৪ ও ২ জন এবং সামসেরগঞ্জ ব্লকে একজন ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়েছেন। উপদ্রুত এলাকায় রোগ প্রতিষেধের উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## সেতু, নতুন রেলপথ

( ১ম পৃষ্ঠার পর )

ওপর সেতু হবে বলে গনি খান তাঁদের প্রতিশ্রুতি দিয়েছেন। এদিকে রাজ্যের কারা ও পঞ্চায়েত মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় সাংবাদিকদের জানিয়েছেন, দেড় কোটি টাকা ব্যয়ে ভাগীরথীর ওপর জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ সংযোগ সেতু স্থাপনের ব্যাপারে রাজ্য সরকারও চেষ্টা করে চলছেন।

## পোষ্টমাষ্টারের নেমকহারামি

( ১ম পৃষ্ঠার পর )

একজন প্রাথমিক প্রধান শিক্ষক হয়েও অপকর্মের সঙ্গে বহুদিন ধরে লিপ্ত। তিনি ইচ্ছামত ডাক খোলেন, অনেক সময় চিঠি-পত্র পড়ে ছিঁড়ে ফেলেন, মানি অরডারের টাকা ঠিক সময়ে দেন না, কারো ইনটারভিউ এলে লুকিয়ে রাখেন ইত্যাদি ইত্যাদি। এ ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেও গ্রামবাসীরা কোন ফল পাননি। ৪ আগষ্ট ডাকঘরে তল্লাসির সময় বেশ কয়েকটি ইনটারভিউ লেটার এবং রেজিষ্ট্রী চিঠি পাওয়া গিয়েছে। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে, বছর সাতেক আগে বহরমপুরের গোয়ালজান পোষ্টাপিসের পোষ্টমাষ্টার একই কাণ্ড করে চাকরিটি হারান। তিনি পাসবইগুলো পুড়িয়ে ফেলতে পেরেছিলেন, লবণচোয়া পোষ্টমাষ্টার তা পারেননি। তার আগেই ধরা পড়ে গিয়েছেন।

## শয্যা সঙ্কট

( ১ম পৃষ্ঠার পর )

মেটারনিটি ওয়ারডের সম্প্রসারণের দিকটাও গুরুত্ব-সহকারে স্বাস্থ্য বিভাগের বিবেচনা করা উচিত বলে জনসাধারণের প্রত্যাশা। আর এ দিকটা যদি উপেক্ষিত হয় তাহলে পর্যাপ্ত পরিমাণে বিশেষজ্ঞ চিকিৎসক পাঠিয়েও সমস্যার সমাধান হবে না। বরং সংকট আরো ঘনীভূত হবে বলে ওয়াকিবহাল মহলের ধারণা।

## বন্যার আশঙ্কা কাটেনি

( ১ম পৃষ্ঠার পর )

শস্যহানি ঘটেছে। ফি সন ব্লকের নিম্নভূমি এলাকার কৃষকদের শস্যহানি যাতে না ঘটে তার জন্য পঞ্চায়েত সমিতির সভায় জলনিষ্কাশন প্রকল্প ও অর্থ মঞ্জুরের দাবি রাজ্য সরকারের কাছে পেশ করা হয়েছে। আর একটি খবরে জানা গেছে, ফরাক্কায় গঙ্গানদীর জল বিপদসীমার ওপর দিয়ে বয়ে চলেছে।


## হাসপাতালে নোংরামি

( ১ম পৃষ্ঠার পর )


জনসাধারণ অস্বস্তি ও নিরাপত্তার অভাব বোধ করছেন সঙ্গে সঙ্গে তাঁরা এই ধরনের নোংরামি বন্ধের দাবিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছেন।

## গণ অবস্থান

২৯ জুলাই ষ্টেট গভঃ এমঃ ফেডারেশনের ডাকে পে-কমিশনসহ ১৫ দফা দাবির ভিত্তিতে জঙ্গিপুর মহকুমা কমিটি মহকুমা শাসকের অফিসের সামনে গণ অবস্থান পালন করেন।




সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর স্লাইজ ব্রেড
মিরাপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ




রঘুনাথগঞ্জ। পিন—৭৪২২২৫ পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত।